

## আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ৩১

আরবি মূল আয়াত:

﴿ ٣١ ﴾  
ثُمَّ أَنْشَأْنَا مِنْ بَعْدِهِمْ قَرَنًا أَخْرَيْنَ

অনুবাদসমূহ:

তারপর তাদের পরে আমি অন্য প্রজন্ম সৃষ্টি করেছি। — আল-বায়ান

অতঃপর তাদের পর আরেক মানব বংশ ('আদ সম্প্রদায়কে) সৃষ্টি করেছিলাম। — তাইসিরুল

অতঃপর তাদের পর আমি অন্য এক সম্প্রদায় সৃষ্টি করেছিলাম। — মুজিবুর রহমান

Then We produced after them a generation of others. — Sahih International

৩১. তারপর আমরা তাদের পরে অন্য এক প্রজন্ম(১) সৃষ্টি করেছিলাম;

(১) কোন কোন মুফাস্সির এখানে সামুদ জাতির কথা বলা হয়েছে বলে মনে করেছেন। কারণ সামনের দিকে গিয়ে বলা হচ্ছেঃ এ জাতিকে 'সাইহাহ' তথা প্রচণ্ড আওয়াজের আয়াবে ধ্বংস করা হয়েছিল এবং কুরআনের অন্যান্য স্থানে বলা হয়েছে, সামুদ এমন একটি জাতি যার উপর এ আয়াব এসেছিল। [হুদঃ ৬৭; আল-হিজরঃ ৮৩ ও আল-কামারঃ ৩১]। অন্য কিছু মুফাস্সির বলেছেন, এখানে আসলে আদি জাতির কথা বলা হয়েছে। কারণ কুরআনের দৃষ্টিতে নৃহের জাতির পরে এ জাতিটিকেই বৃহৎ শক্তিধর করে সৃষ্টি করা হয়েছিল। [দেখুনঃ আল-আরাফঃ ৬৯]

এ দ্বিতীয় মতটিই অধিক গ্রহণযোগ্য বলা যায়। কারণ “নৃহের জাতির পরে” শব্দাবলী এ দিকেই ইঙ্গিত করে। আর 'সাইহাহ' (প্রচণ্ড আওয়াজ, চিৎকার, শোরগোল, মহাগোলযোগ) এর সাথে যে সম্বন্ধ স্থাপন করা হয়েছে নিচেক এতটুকু সম্বন্ধই এ জাতিকে সামুদ গণ্য করার জন্য যথেষ্ট নয়। কারণ এ শব্দটি সাধারণ ধ্বংস ও মৃত্যুর জন্য দায়ী বিকট ধ্বনির জন্য যেমন ব্যবহার হয় তেমনি ধ্বংসের কারণ যা-ই হোক না কেন ধ্বংসের সময় যে শোরগোল ও মহা গোলযোগের সৃষ্টি হয় তার জন্যও ব্যবহার হয়। [দেখুনঃ ইবন কাসীর; ফাতভুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩১) অতঃপর তাদের পর আমি অন্য এক সম্প্রদায় সৃষ্টি করেছিলাম। [1]

[1] অধিকাংশ মুফাস্সিরগণের নিকট নৃহ (আঃ)-এর জাতির পর যে জাতির পৃথিবীতে আগমন ঘটেছে ও তাদের মধ্যে আল্লাহ রসূল প্রেরণ করেন, তারা হল আদ জাতি। কারণ, অধিকাংশ স্থানে নৃহ (আঃ)-এর জাতির স্থলাভিষিক্ত হিসাবে আদ জাতিরই নাম উল্লেখ করা হয়েছে। আবার কেউ কেউ বলেন, তারা হল সামুদ জাতি।

কারণ তাদের ধ্বংসের বর্ণনায় বলা হয়েছে (বিকট শব্দ) তাদেরকে আঘাত করেছিল। আর এ আঘাত সামূদ জাতিকেই দেওয়া হয়েছিল। পক্ষান্তরে অন্য অনেকে বলেন, তারা ছিল শুআইব (আঃ)-এর জাতি মাদয়্যানবাসী। কারণ তাদেরকেও বিকট শব্দ দ্বারা ধ্বংস করা হয়েছিল।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2704>

১. হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন